কুষ্টিয়ায় শেখ কামালের জন্মদিন পালিত

কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের উদ্যোগে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মদিন পালিত হয়েছে।

শনিবার সকালে কুষ্টিয়া জেলা আওয়ামী লীগ কার্যালয়ে শেখ কামালের জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সদর উদ্দিন খাঁন।

সাধারণ সম্পাদক আসগর আলীর পরিচালনায় জেলা আওয়ামী লীগ অফিসের হলরুমের আলোচনা সভায় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সিনিয়র সহসভাপতি চৌধুরী মুর্শেদ আলম মধু, সহ সভাপতি ডা: আ ফ ম আমিনুল হক রতন, মতিউর রহমান মজনু, সাংগঠনিক সম্পাদক এ্যাড. হাসানুল আসকর হাসু, যুব ক্রীড়া সম্পাদক খন্দকার ইকবাল মাহমুদ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মোমিনুর রহমান মমিজ, দপ্তর সম্পাদক আলহাজ্ব তরিকুল ইসলাম মানিক জেলা তাঁতীলীগের সাধারন সম্পাদক হাজী হারুন অর রশীদ, শ্রম সম্পাদক গোলাম মোস্তফা, মহিলা বিষয়ক সম্পাদক এ্যডঃ শীলা বসু, জেলা জাতীয় শ্রমিকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ফকির মুকুল হোসেন, জেলা ছাত্র লীগের সভাপতি আতিকুর রহমান অনিকসহ সকল অঙ্গ ও সহোযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

শেখ কামালের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে ও তার আত্মার মাগফিরাত কামনা করে বক্তারা বলেন, ‘মেধাবী তরুণ শেখ কামাল মহান মুক্তিযুদ্ধে অংশ নিয়ে জীবন বাজি রেখে দেশমাতৃকার জন্য লড়েছিলেন। বহু গুণে গুণান্বিত ক্রীড়া ও রাজনৈতিক সংগঠক, সংস্কৃতিকর্মী, জাতীয় ক্রিকেটার শেখ কামাল প্রতিষ্ঠিত আবাহনী ক্লাব দেশে আধুনিক ফুটবলের প্রবর্তক।’ বক্তারা আরও বলেন, শেখ কামাল ‘বেঁচে থাকলে পরবর্তী সময়ে দেশকে নেতৃত্ব দেওয়াসহ জাতিকে অনেক কিছু দিতে পারতেন এমন এই মেধাবী তরুণকে মাত্র ২৬ বছর বয়সে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হত্যা করা হয়েছিল। আমরা তার আত্মার চিরশান্তি কামনা করি।

আলোচনা সভার পর দোয়া মোনাজাত করা হয়। দোয়া মোনাজাত পরিচালনা করেন জেলা তাঁতীলীগের সাধারন সম্পাদক হাজী হারুন অর রশীদ।

ঝিনাইদহে জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন পালিত

ঝিনাইদহে জেলা বিএনপির উদ্যোগে জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন পালিত হয়েছে।

বৃহস্পতিবার (১৯জানুয়ারি) সকালে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন উপলক্ষে জেলা বিএনপি আয়োজনে সকালে শীত বস্ত্র বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এছাড়া শহরের একটি বেসরকারী ক্লিনিকে ১০ জন অসুস্থ রোগীকে রক্তদান, ওয়াজির আলী হাইস্কুল মাঠে ৫’শ শীর্তাতদের মাঝে কম্বল বিতরন ও জেলা বিএনপি’র কার্যালয়ে আলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল মজিদ, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পুসহ জেলা ও উপজেলা পর্যায়ের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এ্যাড. এমএ মজিদ বলেন, এ দেশের স্বাধীনতার ঘোষক একমাত্র জিয়াউর রহমান। অথচ আজ এই ভোট বিহীন সরকার জিয়াউর রহমানকে নিয়ে প্রকৃত ইতিহাস বিকৃত করছে। আগামীতে আন্দোলন সংগ্রামের মাধ্যমে ক্ষমতায় এলে এর সঠিক জবাব দেওয়া হবে।